

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি/ ২০২৫

তারিখ: ০৩/০৩/২০২২

বিষয়: মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির এক সভা আগামী ০৭/০৩/২০২২ ইং, সকাল ১০.০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান জনাব ফারুক আমীন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

- ১। ভাইস চেয়ারম্যান
- ২। চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি।
- ৩। চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি।
- ৪। চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি।

*ফারুক আমীন*  
০৬/৩/২০২২  
(মো: কাওছার শোকরানা)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ও  
সদস্য সচিব  
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
বানিয়াচং, হবিগঞ্জ।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যবিবরণী:

সভাপতি: জনাব মো: ফারুক আমীন  
ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

সভার স্থান: ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ: ০৭/০৩/২০২২ ইং, সময়: সকাল-১০.০০ মিনিট।

সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির কার্যক্রম ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয়ের আলোচনা শেষে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানিয়াচং কে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার বিষয়ে আলোচনা ও সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপনের আহবান জানান। মাধ্যমিক শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করেন:-

১। মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শীতকালীন ও গ্রীষ্মকালীন খেলাধুলার আয়োজন করা হয়ে থাকে। শীতকালীন খেলাধুলার সামগ্রী গোলক, চাকতি, বর্ষা, নেটসহ ভলিবল অধিকাংশ প্রতিষ্ঠানে পাওয়া যায় না। খেলাধুলার গুণগত মান বৃদ্ধির জন্য বর্নিত ক্রীড়া সামগ্রী বরাদ্দ দেওয়া প্রয়োজন। বরাদ্দ পেলে শিক্ষার্থীরা উৎসাহিত হবে এবং খেলাধুলার গুণগত মান বৃদ্ধি পাবে।

সিদ্ধান্ত: উপস্থিত সদস্য বৃন্দ মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করেন। সদস্য বৃন্দ প্রস্তাব বাস্তবায়নে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। সদস্য বৃন্দ উপজেলা পরিষদের অর্থায়নে কিংবা জাইকা প্রকল্পের মাধ্যমে এ প্রস্তাব বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ফারুক আমীন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ: ০৭/০৩/২০২২

স্মারক নং: উমাশিঅ/বানি- ২০৬০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বানিয়াচং
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং



(মো: কাওছার শোকরানা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি  
বানিয়াচং, হবিগঞ্জ।





পরিসিষ্ট "ক"

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর বিবরণীঃ

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়

বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ- ০৭/৩/২০২২

ক্রমিক নং	নাম	অফিসিয়াল পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ ফারুক আমীন	ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	মোঃ মিজানুর রহমান খান	চেয়ারম্যান, ১নং বানিয়াচং উত্তর-পূর্ব ইউপি	সদস্য	
০৩	মোঃ আরফান উদ্দিন	চেয়ারম্যান, ৩নং বানিয়াচং দক্ষিণ-পূর্ব ইউপি	সদস্য	
০৪	মঞ্জু দাশ	চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি	সদস্য	
০৫	মোঃ কাওছার শোকরানা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	